



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
চট্টগ্রাম- ৪৩৪৯।

স্মারক নং- চুয়েট/একা-৪৪/২৩৮,

তারিখ : ২৫/০৪/২০২৪ খ্রি.।


ঃ বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২২ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় অত্র বিশ্ববিদ্যালয়ের দুইজন মেধাবী ছাত্রের অকাল মৃত্যুতে উদ্ভূত পরিস্থিতির কারণে অদ্য ২৫/০৪/২০২৪ খ্রি. তারিখে মাননীয় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৫১তম (জরুরী) সভার সিদ্ধান্তক্রমে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয়ের স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে সকল একাডেমিক কার্যক্রম (পরীক্ষাসহ) বন্ধ ঘোষণা করা হলো।

ছাত্রদেরকে আজ (২৫/০৪/২০২৪ খ্রি.) বৃহস্পতিবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে এবং ছাত্রীদেরকে আগামিকাল (২৬/০৪/২০২৪ খ্রি.) শুক্রবার সকাল ৯.০০ ঘটিকার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হলো।

শিক্ষার্থীদের ক্যাম্পাস ত্যাগের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ের বাস ক্যাম্পাস থেকে শহর গমনাগমন করবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-

  
২৫/০৪/২০২৪

(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- চুয়েট/একা-৪৪/২৩৮ (১০)

তারিখঃ ২৫/০৪/২০২৪ খ্রি.।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সকল ডীন, চুয়েট।
- ২। ইনস্টিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোস্ট, চুয়েট। বিজ্ঞপ্তিটি তাঁর বিভাগ/দপ্তরের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে।
- ৩। পরিচালক, ছাত্রকল্যান, চুয়েট। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ৪। সকল দপ্তর প্রধান/শাখা প্রধান, চুয়েট।
- ৫। পরিচালক, আইআইসিটি, চুয়েট। বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে Up-load করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ৬। সভাপতি, যানবাহন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি, চুয়েট। শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক বাস বরাদ্দ দেয়ার অনুরোধ সহকারে।
- ৭। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর। উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- ১০। সংরক্ষণ নথি।

  
২৫/০৪/২০২৪  
(মোহাম্মদ রফিকুল ইসলাম)

ডেপুটি রেজিস্ট্রার  
একাডেমিক শাখা ও ছাত্র-বৃত্তি শাখা  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।